**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ডাউনটাউন ইউটিকায় 64 মিলিয়ন মার্কিন ডলারের নেক্সাস সেন্টারের গ্র্যান্ড ওপেনিং এর কথা ঘোষণা করেন

***স্টেটের সহায়তায় বিশ্বমানের বিনোদন এবং স্পোর্টিং কমপ্লেক্স আইস হকি, বক্স ল্যাক্রস, সকার এবং অন্যান্য বহিরঙ্গন ক্রীড়ার জন্য প্রিমিয়ার টুর্নামেন্ট-ভিত্তিক ক্রীড়াঙ্গন হিসেবে কাজ করবে***

***মুখ্য টুর্নামেন্টগুলি আয়োজন করবে, যা উত্তরপূর্ব এবং কানাডা থেকে স্পোর্টস টিমগুলিকে মোহক ভ্যালি অঞ্চলে টেনে আনবে***

***আশা করা যায় 320,000 এর বেশি দর্শক আকৃষ্ট হবে যারা আঞ্চলিক অর্থনীতিতে 26 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করবে, যা মোহক ভ্যালির জন্য স্টেটের অর্থনৈতিক দৃষ্টিভঙ্গীকে বাড়তি শক্তি জোগাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ডাউনটাউন ইউটিকায় 64 মিলিয়ন মার্কিন ডলারের নেক্সাস সেন্টারের গ্র্যান্ড ওপেনিং এর কথা ঘোষণা করেন। ঘোষণাটি স্থানীয় কর্মকর্তাদের দ্বারা এই সন্ধ্যায় আয়োজিত একটি আনুষ্ঠানিক "পাক ড্রপ" (আইস হকির একটি দীর্ঘস্থায়ী আচার যাতে একজন সম্মানিত অতিথি প্রাক-গেম উৎসবের সমাপ্তি এবং খেলার শুরুতে একটি পাক ফেলে দেন) এর আগে করা হয়। স্টেটের সহায়তার জন্য ধন্যবাদ, যা আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ) মাধ্যমে 22 মিলিয়ন মার্কিন ডলারকে অন্তর্ভুক্ত করে, 170,000 বর্গফুটের টুর্নামেন্ট-ভিত্তিক বিনোদন এবং স্পোর্টিং কমপ্লেক্সটি মূলত আইস হকি, বক্স ল্যাক্রস, সকার এবং অন্যান্য বহিরঙ্গন ক্রীড়ার জন্য ব্যবহৃত হবে এবং সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা জুড়ে প্রতিযোগী যুব দলগুলিকে আকর্ষিত করবে। নেক্সাস সেন্টার প্রতি বছর 24টি হকি এবং 24টি ল্যাক্রস টুর্নামেন্ট আয়োজন করবে বলে আশা করা হচ্ছে এবং বছরে 320,000 জন দর্শককে স্বাগত জানাবে যারা দর্শকের করা প্রত্যক্ষ খরচ থেকে বছরে 26 মিলিয়ন ডলারেরও বেশি আয় সৃষ্টি করবে।

"বিশ্বমানের নেক্সাস সেন্টারের সম্পূর্ণ হওয়া, ইউটিকাকে, ক্রীড়াপ্রেমী এবং সমমনোভাবাপন্ন পরিবারগুলির জন্য একটি গন্তব্য হিসেবে পুনঃবিবেচিত করতে স্টেটের যে চলতে থাকা দৃষ্টিভঙ্গীকে তাকে আরও মজবুত করবে," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্কের সহায়তার

জন্য ধন্যবাদ, এই ক্রীড়াঙ্গনটি আগামী বছরগুলিতে মোহক ভ্যালির অর্থনীতিকে নিঃসন্দেহে একটি জয়ের ধারায় নিয়ে আসবে।"

নেক্সাস সেন্টারে বরফের তিনটি শীট এবং এটি, আমেরিকান হকি লিগের ইউটিকা কমেটস, ইউটিকা বিশ্ববিদ্যালয়ের পুরুষ ও মহিলা হকি প্রোগ্রাম এবং ইউটিকা জুনিয়র কমেটস যুব হকি সংস্থার হোম, অ্যাডিরনডাক ব্যাংক সেন্টারের ঠিক পরে অবস্থিত হবে। টার্ফ ক্রীড়াগুলিকে সমর্থন করতে, বরফটি সহজেই মাঠ-ভিত্তিক সারফেসগুলিতে রূপান্তরিত করা যাবে। উপরন্তু, নেক্সাস সেন্টারে থাকবে 25টিরও বেশি লকার রুম, ব্যবসায়িক অফিসের জায়গা, কলেজ ক্লাসরুমের জায়গা, রিটেইলের জায়গা, খাদ্য ও পানীয় পরিষেবা এবং অন্যান্য বহুবিধ প্রশিক্ষণের জায়গা।

নেক্সাস সেন্টার স্থানীয় অ্যাথলিটদের সারা সপ্তাহ অনুশীলন এবং প্রশিক্ষণের সুযোগ দেওয়ার পাশাপাশি সারা-বছর আউট-অফ-টাউন টুর্নামেন্ট অংশগ্রহণকারীদের ওপর ফোকাস করবে। যখন ক্রীড়াঙ্গনটি সক্রিয়ভাবে কোনও টুর্নামেন্ট বা অন্যান্য ইভেন্টের জন্য ব্যবহার করা হচ্ছে না, তখন এটি এলাকার ক্রীড়া সংস্থা, উচ্চ বিদ্যালয় এবং কলেজগুলির জন্য একটি কমিউনিটি স্পোর্টস এবং বিনোদন কেন্দ্র হিসাবে কাজ করবে। ইউটিকা মেমোরিয়াল অডিটোরিয়ামের অ্যাডিরনডাক ব্যাংক সেন্টারের সাথে নেক্সাস সেন্টারের সংযোগও এর সামগ্রিক আঞ্চলিক প্রভাব এবং সুযোগকে বাড়িয়ে তোলে। নেক্সাস সেন্টারের ভবিষ্যৎ পরিকল্পনাগুলির মধ্যে রয়েছে উত্তরে এবং হারবার পয়েন্ট এলাকায় বহিরঙ্গন বহু-ব্যবহারযোগ্য ক্রীড়া ক্ষেত্রগুলি যুক্ত করার সম্ভাবনা সহ একটি চার-মরসুমের ক্রীড়া কেন্দ্রে সম্প্রসারিত করা - ইউটিকা হারবার মাস্টার প্ল্যানের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি দৃষ্টিভঙ্গি।

ইউটিকা বিশ্ববিদ্যালয় সম্প্রতি স্পোর্টস ম্যানেজমেন্ট প্রোগ্রাম উন্নত করার জন্য নেক্সাস সেন্টারের সাথে তার অংশীদারিত্ব ঘোষণা করেছেন, যা স্পোর্টস ম্যানেজমেন্ট প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য বাস্তব, পেশাদারী অভিজ্ঞতা অর্জনের জন্য একটি অত্যন্ত উদ্ভাবনী, একদম নতুন ধরনের সুযোগ প্রদান করে। নেক্সাস সেন্টার শিক্ষার্থীদের একটি হাতে-কলমে, ইন্টারেক্টিভ শিক্ষণের অভিজ্ঞতা অর্জনের সুযোগ দেবে যা স্নাতক হওয়ার পরে চাকরি খোঁজার সময় একটি লক্ষ্যের দিকে প্রথম পদক্ষেপ ফেলতে সহায়তা করবে। গত এক দশকে, ক্রীড়া শিল্প, সমগ্র দেশে 23তম থেকে দ্রুত বৃদ্ধি পেয়ে ষষ্ঠ বৃহত্তম শিল্প হয়ে উঠেছে। ইউটিকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্পোর্টস ম্যানেজমেন্ট প্রোগ্রামে প্রায় 40 জন শীক্ষার্থী আছে।

এই ইউআরআই (URI) পুরষ্কার, সেইসাথে স্টেটের অন্যান্য অনেক অতিরিক্ত বিনিয়োগ ডাউনটাউন ইউটিকাকে একটি নতুন এবং আকর্ষণীয় আর্বান সেন্টার হিসাবে রূপান্তরিত করতে সহায়তা করেছে। মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (Mohawk Valley Regional Economic Development Council) এবং অন্যান্য স্টেকহোল্ডারদের পরামর্শে, ডাউনটাউনের পার্শ্ববর্তী অঞ্চলগুলি শহুরে বিনোদন, আমোদপ্রমোদ, খেলাধুলা এবং উদ্যোক্তাদের জন্য গন্তব্য হিসাবে পুনঃচিত্রিত করা হয়েছে।

মূল বিনিয়োগগুলির মধ্যে রয়েছে নতুন পুনর্নির্মিত ইউটিকা মেমোরিয়াল অডিটোরিয়াম যা ইউটিকা কমেটস হকি দল এবং মেজর এরিনা সকার লীগের ইউটিকা সিটি ফুটবল ক্লাবের হোম;

জেনেসি এবং স্টেট স্ট্রিটস বরাবর এবং ব্যাগ'স স্কোয়ারের পার্শ্ববর্তী অঞ্চলে লফট অ্যাপার্টমেন্ট; ডাউনটাউনকে ঢেলে সাজাতে একটি নতুন হাসপাতাল গড়ে তুলতে সহায়তা করার জন্য একটি 300 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগ; ইউটিকার হারবার পয়েন্ট বাল্কহেড প্রকল্পের জন্য URI তহবিলে 6 মিলিয়ন মার্কিন ডলার, বেসরকারী খাতের উন্নয়নকে প্রলুব্ধ করার জন্য প্রয়োজনীয় সর্বশেষ বাকি পরিকাঠামোর উন্নতি; এবং উল্ফস্পিডের সাথে 1 বিলিয়ন মার্কিন ডলারের সরকারি-বেসরকারি অংশীদারীত্ব, যা মার্সি ন্যানোসেন্টারে শতাধিক কর্মসংস্থান সৃষ্টি করেছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট (Empire State Development President), সিইও এবং কমিশনার হোপ নাইট বলেছেন,**"গভর্নর হোকলের নেতৃত্বে, আর একটি অল-স্টার হকির কিংবদন্তী ওয়েন গ্রেটস্কির রূপদান, পুকটি যেখানে যাচ্ছে নিউ ইয়র্ক স্টেট সত্যিই সেদিকে স্কেট করছে, যেখানে এটি ছিল সেখানে নয়। এই আকর্ষণীয় ক্রীড়াঙ্গনটি ইউটিকার জন্য একটি অর্থনৈতিক চালক হয়ে উঠবে, যা বাসিন্দাদের ডাউনটাউনে আকৃষ্ট করবে এবং এই অঞ্চলে বছরে সহস্রাধিক দর্শককে নিয়ে আসবে।"

**স্টেট সেনেটর জোসেফ গ্রিফো বলেন,** "আমি আনন্দিত যে ডাউনটাউন ইউটিকায় নেক্সাস সেন্টারটি খোলা রয়েছে এবং আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পটিকে বাস্তবে পরিণত করার জন্য যারা একসাথে কাজ করেছেন তাদের প্রচেষ্টার প্রশংসা করি। এই নতুন বিনোদন এবং ক্রীড়া কমপ্লেক্সটি দর্শক এবং পরিবারগুলিকে এই অঞ্চলে আকৃষ্ট করবে এবং স্থানীয় ও আঞ্চলিক অর্থনীতিকে সহায়তা ও বৃদ্ধি করবে। নেক্সাস সেন্টার সেইসাথে ইউটিকা মেমোরিয়াল অডিটোরিয়ামে উন্নত অ্যাডিরোনড্যাক ব্যাংক সেন্টার, এই অঞ্চলে ভবিষ্যতের বৃদ্ধি ও উন্নয়নের জন্য অনুঘটক হিসাবে কাজ করবে এবং যা ইতিমধ্যে ইউটিকা এবং মোহক ভ্যালিতে যা ঘটছে তার পরিপূরক হবে।"

**আইনসভা সদস্য মারিয়ান বুটেনচন বলেন,** "নেক্সাস সেন্টারে যা থাকবে তার থেকে সমগ্র সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায় উপকৃত হবে। এই সংযোজনটি কমিউনিটিতে খেলাধুলা এবং বিশেষ ইভেন্টগুলি থেকে ক্রীড়াঙ্গনের বিভিন্ন ধরনের সুযোগ এবং তার সাথে, দর্শক এবং অর্থনৈতিক সুবিধাগুলির একটি ধারা নিয়ে আসে। আমি অত্যাধুনিক শিক্ষাগত কর্মসূচির জন্য 600,000 মার্কিন ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি সক্ষম হয়েছি যা ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টারের সাথে একটি অংশীদারিত্বে প্রদান করবে। নেক্সাস সেন্টারটি, ইউটিকা সিটি, ওনেইডা কাউন্টি এবং আমাদের সমগ্র অঞ্চলের বৃদ্ধিতে আরও একটি সম্পদ যোগ করবে।"

**মোহক ভ্যালি রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল কো-চেয়ার, লরেন্স টি গিলরয় III, গিলরয়, কেরনান অ্যান্ড গিলরয়, আইএনসি-র প্রেসিডেন্ট এবং SUNY কোব্লাসকিল প্রেসিডেন্ট ড. মারিওন তেলেনজিও বলেন**, "নেক্সাস সেন্টার ডাউনটাউন ইউটিকার রূপান্তরের জন্য কৌশলগত দৃষ্টিভঙ্গির একটি অপরিহার্য অংশ, ইতিমধ্যে একটি বিশ্বমানের গন্তব্য হয়ে ওঠার পথে যা ইউটিকা এবং অঞ্চলটির অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উন্নীত করবে। নেক্সাস সেন্টার কেবল পর্যটনকেই উৎসাহিত করবে না, এটি বাসিন্দাদের জন্য একটি আমন্ত্রণমূলক এবং প্রাণবন্ত বিনোদন কেন্দ্র তৈরি করবে এবং ভবিষ্যতে অনেকে মোহক ভ্যালিতে বসবাস করতে আগ্রহী হবে।"

**আপার মোহক ভ্যালি মেমোরিয়াল অডিটোরিয়াম অথরিটির চেয়ারম্যান, কার্ল অ্যানিজ বলেন,**"এই বিশ্বমানের সুবিধাটি মোহক উপত্যকা অঞ্চলের জন্য একটি গেম চেঞ্জার এবং স্থানীয় অর্থনীতির অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি মূল অনুঘটক হয়ে উঠবে। অনবরত সহায়তার জন্য আমি গভর্নর হোকল, মোহক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং ওনিয়েডা কাউন্টি, যারা এই প্রকল্পটির বাস্তব রূপদানে সহায়তা করেছে, তাদেরকে ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418